২৭

দৈনিক ইত্তেফাক

MAR. 1 7 1999
তারিখ
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫

# কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক পরীক্ষক নিয়োগ প্রসঙ্গে

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৬৮ সন হইতে ২ বৎসর মেয়াদী ট্রেড কোর্স সার্টিফিকেট এবং ৯৫ সন হইতে এস,এস,সি, (ভোকেশনাল) চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হইয়া আসিতেছে। লিখিত পরীক্ষা শেষ হওয়ার পর পরই ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য এক শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে অনাভ্যন্তরীণ পরীক্ষক কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নিয়োগ করা হয়। চলতি বৎসর ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষা গ্রহণের জন্য কারিগরি শিক্ষা বোর্ড হইতে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট এক চিঠি মারফত জানানো হইয়াছে যে, ভারপ্রাপ্ত কর্মকর্তা স্থানীয়ভাবে অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ দিবেন। এই পত্র মোতাবেক স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান-এর সহিত আলোচনা সাপেক্ষে ভি,টি,আই, ও টি,টি,সির অধ্যক্ষ মহোদয় অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ দিয়াছেন। উল্লেখ্য যে, ৮/৩/৯৯ তারিখে বোর্ড কর্তৃপক্ষ অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগদান পত্র ইস্যু করিয়াছেন। ইহাতে কারিগরি শিক্ষা বোর্ডের অনিয়ম স্পষ্ট হইয়া উঠে। আরও উল্লেখ্য যে, ভি,টি,আই, টিটিসিতে একের অধিক ইনষ্ট্রাকটর থাকা সত্ত্বেও রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বিভাগের ইনষ্ট্রাকটরকে স্বীয় দায়িত্বের সহিত রেডিও-টিভির ট্রেডের অনাভ্যন্তরীণ পরীক্ষক এবং অটোমোটিভ ট্রেডের শিক্ষককে ইলেকট্রিক ট্রেডের অনাভ্যন্তরীণ পরীক্ষক হিসাবে নিয়োগ দেওয়া হইয়াছে। এই ধরনের অনিয়ম দূর করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ সাহেব আলী আকন্দ,
ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট
বরিশাল।